নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১১.১৬-৮৬ তারিখ: ১৫ মার্চ, ২০১৬

বিষয় : ১ম ও ২য় পযায়ে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে জানাচ্ছে যে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ১ম পর্যায়ের ৭২২টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২২ মার্চ, ২০১৬, টাংগাইল জেলার নাগরপুর উপজেলার ১১টি ইউনিয়নের ভোটগ্রহণের তারিখ ২৩ মার্চ, ২০১৬, টেকনাফ উপজেলার হোয়াইক্যং ও হ্নীলা ইউনিয়নের ভোট গ্রহণের তারিখ ২৭ মার্চ, ২০১৬ এবং ২য় পর্যায়ের ৬৪৩টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ৩১ মার্চ, ২০১৬ নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত ইউনিয়ন পরিষদ নির্বাচনের ইউনিয়নসমূহের তালিকা এতদসংগে সংযুক্ত করা হলো।

২। ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়। ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত ১২-০০ টা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক	(৪) জিপ	(৭) বাস
(২) ট্যাক্সী ক্যাব	(৫) পিক আপ	(৮) ট্রাক
(৩) মাইক্রোবাস	(৬) কার	(৯) টেম্পো

৩। সে সাথে ভোটগ্রহণের পূর্ববর্তী ০৩(তিন) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৪। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৫। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে **১ম ও ২য় পযায়ে ইউনিয়ন পরিষদ সাধারণ** নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২২ মার্চ, ২০১৬ এবং ৩১ মার্চ, ২০১৬ ভোটগ্রহণ উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত ১২-০০ টা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সে সাথে ভোটগ্রহণের পূর্ববর্তী ০৩(তিন) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

(মোঃ সামসুল আলম)
উপ-সচিব
নির্বাচন পরিচালনা-২
ফোনঃ ৯১৮০৬৫৩

জারীকৃত

সচিব
সড়ক বিভাগ
সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অঃপৃঃদ্রঃ

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১১.১৬-৮৬

তারিখ: ১৫ মার্চ, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, ...(সকল বিভাগ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. জেলা প্রশাসক, ...(সংশ্লিষ্ট)
১৪. পুলিশ সুপার, ...(সংশ্লিষ্ট)
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...(সকল)
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...(সকল)
১৯. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২০. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২)/জনবল ব্যবস্থাপনা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. অফিসার-ইন-চার্জ, ...(সংশ্লিষ্ট সকল থানা)

২৫/৩/১৬

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২